
# বিদেশী গৃহ-সহায়কগণ (FDHs)



## অধিকারসমূহ

### হংকং-এর আইন এবং স্ট্যান্ডার্ড এমপ্লয়মেন্ট কন্ট্র্যাক্ট (SEC) অনুযায়ী আপনার অধিকারসমূহ

- প্রতি সাতদিন সময়কালের মধ্যে নূন্যতম একদিন বিশ্রামের দিন, সংবিধিবদ্ধ ছুটিসমূহ এবং বেতনসহ বাৎসরিক ছুটি। নিয়োগকর্তাবৃন্দ আপনাকে আপনার বিশ্রামের দিনটিতে কাজ করার জন্য বাধ্য করতে অথবা আপনার প্রাপ্য একটি বিধিবদ্ধ ছুটি অনুমোদনের পরিবর্তে কোন প্রকার অর্থ প্রদান করতে পারেন না।
- SEC-তে নির্ধারিত বেতন এবং বেতন প্রদানের নির্ধারিত তারিখ অথবা SEC অনুযায়ী চুক্তি সমাপ্তির অনূর্ধ সাত দিনের মধ্যে সমুদয় প্রাপ্য প্রদেয়। চুক্তিভিত্তিক বেতন SEC স্বাক্ষরের সময়ে বিদ্যমান সর্বনিম্ন অনুমোদনযোগ্য মজুরির থেকে কম হবে না।
- বিনামূল্যে খাদ্য (অথবা তার পরিবর্তে খাদ্য ভাতা), নিয়োগকর্তার বাসস্থানে গ্রহনযোগ্য গোপনীয়তা রক্ষার সুবিধাসহ বিনামূল্যে বাসস্থান, বিনামূল্যে চিকিৎসা সেবা এবং আপনার চুক্তিটি সম্পূর্ণ/সমাপ্ত হওয়ার পর নিয়োগকর্তার খরচে আপনার নিজের দেশে ফিরে যাওয়ার ব্যবস্থা।



### কোন নিয়োগ প্রক্রিয়ায় নিয়োজিত সংস্থাগুলির সঙ্গে কার্যকলাপের সময়ে, আপনার করণীয়

- নিশ্চিত করা যে EA-এর নিকট হংকং স্পেশাল অ্যাডমিনিস্ট্রেটিভ রিজিয়ন (HKSAR) বা হংকং বিশেষ প্রশাসনিক অঞ্চল-এর সরকারের দ্বারা প্রদত্ত একটি বৈধ EA অনুজ্ঞাপত্র (লাইসেন্স) আছে কি না। EA কর্মীটিকে, তার অনুজ্ঞাপত্রটি প্রদর্শনের জন্য বলুন অথবা EA-টি লাইসেন্সপ্রাপ্ত কি না সেটি অনলাইনে যাচাই করুন।
- SEC চূড়ান্তকরণের লক্ষ্যে স্বাক্ষর করার আগে আপনি SEC-এর বিষয়বস্তুগুলি এবং কাজের পরিধি সম্পর্কে বুঝেছেন কি না নিশ্চিত করুন। আপনার স্বাক্ষরিত নিযুক্তি চুক্তিটির মূল প্রতিলিপিটি আপনার নিকট রাখুন।
- কেবলমাত্র আপনার প্রথম মাসের মজুরিটি পাওয়ার পরেই নির্ধারিত কমিশনটি EA কে (সর্বোচ্চ কমিশন হল আপনার প্রথম মাসের মজুরির 10%) প্রদান করুন। EA-এর সাথে যেকোন প্রকার অর্থিক লেনদেনের ক্ষেত্রে যথা শীঘ্র সম্ভব একটি রসিদ সংগ্রহ নিশ্চিত করুন।
- আপনার ব্যক্তিগত পরিচিতি বিষয়ক নথিপত্র (উদাহরণস্বরূপ, হংকং-এর পরিচয়পত্র এবং পাসপোর্ট) এবং নিজস্ব জিনিসগুলি (উদাহরণস্বরূপ, ব্যাঙ্কের কার্ডগুলি) আপনার নিজের কাছে রাখুন। আপনার নিয়োগকর্তা অথবা EA-এর কর্মীসহ অন্যকেউ এই নথিপত্রগুলি তাঁদের নিকট হস্তান্তর করতে বা আপনার পক্ষে তার কাছে রাখার জন্য বল প্রয়োগ করতে পারেন না।

### যখন আপনার অধিকারগুলি লঙ্ঘিত হয়, তখন আপনার করণীয়

- আপনি শারীরিক নির্যাতনের শিকার হলে অথবা আপনার নিরাপত্তা ঝুঁকির সম্মুখীন হলে, সহায়তার জন্য অবিলম্বে পুলিশের জরুরী হটলাইন "999" নম্বরে ফোন করুন।
- যদি আপনাকে আপনার মজুরি প্রদান না করা হয় অথবা আপনার চুক্তি অনুযায়ী কর্মসংস্থান সংশ্লিষ্ট অধিকারগুলির মধ্যে যেকোনটি লঙ্ঘিত হয়, সে ক্ষেত্রে অনুসন্ধান এবং সহায়তার জন্য, শ্রম দপ্তরের 24-ঘন্টার হটলাইন "2717 1771" নম্বরে ফোন করুন অথবা কার্যালয়ের কর্মকালীন সময়ের মধ্যে লেবার ডিপার্টমেন্টের লেবার রিলেশানস ডিভিশন অর্থাৎ শ্রম দপ্তরের সংশ্লিষ্ট শাখায় যোগাযোগ করুন।




# বিদেশী গৃহ-সহায়কগণ (FDHs)



## বর্জণীয় বিষয়সমূহ



### চাকুরীকালীন সময়ে, আপনি

- আপনার নিয়োগকর্তা ব্যতীত অন্য যেকোন ব্যক্তির নিকট হতে যেকোন প্রকার কাজ গ্রহণ করতে, অথবা SEC-তে নির্ধারিত ঠিকানা ব্যতীত অন্য কোন স্থানে বসবাস করতে পারেন না।
- মজুরি বুঝে পাওয়ার আগে যেকোন প্রকার বেতন বিবৃতি অথবা রসিদে স্বাক্ষর প্রদান করা থেকে বিরত থাকুন।

### নিয়োগ প্রক্রিয়ায় নিয়োজিত সংস্থাগুলির সঙ্গে কার্যকলাপের সময়ে, আপনার

- EA কে সুপারিশকৃত কমিশন ব্যতীত, অন্য যেকোন প্রকার খরচ অথবা ফী যেমন রেজিস্ট্রেশান ফী, সংরক্ষণের খরচ এবং ফটোকপি করার খরচসমূহ প্রদান করা উচিত নয়।
- কোন তৃতীয়পক্ষের মাধ্যমে অথবা যেকোন আর্থিক সেবা প্রদানকারী কোম্পানীর থেকে ঋণ গ্রহণ করে EA-কে অর্থ প্রদান করা উচিত নয়, এমনকি সংশ্লিষ্ট কোম্পানী যদি EA-এর দ্বারা অনুরোধকৃত অথবা প্রস্তাবিতও হয়ে থাকে।




### কোন সময়েই, আপনি

- যদি আপনি শর্তগুলি না বোঝেন অথবা সেগুলি অর্থ সম্পর্কে নিশ্চিত না হন, তাহলে কোন ব্যক্তি অথবা প্রতিষ্ঠানের (আপনার নিয়োগকর্তা অথবা EA সহ) সঙ্গে কোন প্রকার নথিপত্র, বোঝাপড়া অথবা চুক্তিতে স্বাক্ষর করবেন না।
- আপনার SEC-তে অবশ্যই (আপনার মজুরি এবং নিযুক্তির ঠিকানা সহ) কোন মিথ্যা তথ্য প্রদান করবেন না। অন্যথায় মিথ্যা তথ্য প্রদানের জন্য আপনি ফৌজদারি অপরাধের জন্য দায়ী হবেন।




## অনুসন্ধানসমূহ



বিস্তারিত তথ্যের জন্য ও আপনার কোন জিজ্ঞাসা থাকলে অনুগ্রহ করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে সরাসরী যোগাযোগ করুন অথবা নীচের ওয়েবসাইটগুলি দেখুন:

| বিভাগসমূহ | পরিধি | হটলাইনগুলি | ওয়েবাইটগুলি |
|---|---|---|---|
| লেবার ডিপার্টমেন্ট অর্থাৎ শ্রম দপ্তর | FDH-দের অধিকার এবং সেই সম্পর্কিত আইনী বিধানসমূহ | 2717 1771 ("1823"-এর দ্বারা হটলাইনটির দেখাশোনা করা হয়ে থাকে) | www.fdh.labour.gov.hk |
| | EA লাইসেন্স এবং নির্ধারিত কমিশন | 2115 3667 | www.eaa.labour.gov.hk |
| অভিবাসন বিভাগ | FDH ভিসা | 2824 6111 | www.immd.gov.hk/eng/services/visas/foreign_domestic_helpers.html |
| কাস্টমস অ্যান্ড এক্সাইস ডিপার্টমেন্ট অর্থাৎ আমদানি এবং অন্তঃশুল্ক বিভাগ | ট্রেড ডেস্ক্রিপশান অর্ডিন্যান্স অর্থাৎ ব্যবসায়িক বিবরণ অধ্যাদেশ-এর দ্বারা নিষিদ্ধকৃত অন্যায্য ব্যবসায়িক আচরণসমূহ | 2815 7711 | www.customs.gov.hk |
| কনস্যুমার কাউন্সিল অর্থাৎ ভোক্তা পরিষদ | ভোক্তা বিষয়ক বিবাদসমূহ | 2929 2222 | www.consumer.org.hk |
| হংকং পুলিশ | জরুরী সাহায্যের জন্য | 999 | |

勞工處
Labour Department

草日漫畫製作

1/2022

勞工處
Labour Department




এই তথ্যপত্রটির লক্ষ্য হল, বিদেশী গৃহ-সহায়ক, নিয়োগকর্তা এবং বিদেশী গৃহ-সহায়কদের নিয়োগ প্রক্রিয়ায় নিয়োজিত সংস্থাগুলির অধিকার এবং দায়বদ্ধতা সম্পর্কে দ্রুত নির্দেশিকা প্রদান করা। বিদেশী গৃহ-সহায়ক, নিয়োগকর্তা এবং বিদেশী গৃহ-সহায়কদের নিয়োগ প্রক্রিয়ায় নিযুক্ত প্রতিনিধি সংস্থাগুলির জন্য নিয়োগ সংক্রান্ত শর্তাবলী ও আইনী বিধানসমূহের বিস্তারিত বিবরণ স্ট্যান্ডার্ড এমপ্লয়মেন্ট কন্ট্র্যাক্ট (ID 407) এবং কর্মসংস্থান অধ্যাদেশে বর্ণিত আছে। এই তথ্যপত্রে উল্লেখিত বিধানসমূহ কর্মসংস্থান অধ্যাদেশ অনুযায়ী সন্নিবেশিত হয়েছে, যদিও আইনী ব্যাখ্যার এখতিয়ার সম্পূর্ণরূপে আদালতের উপর নির্ভরশীল।

Bengali Version 孟加拉文版本

# FDHs-দের নিয়োগকর্তা



## করণীয়গুলি

### হংকং-এর আইন এবং স্ট্যান্ডার্ড এমপ্লয়মেন্ট কন্ট্র্যাক্ট (SEC) অনুযায়ী আপনার উচিত

- আপনার FDH-কে SEC-তে নির্ধারিত সম্পূর্ণ মজুরী সময় মত মজুরি প্রদান করুন। চুক্তিভিত্তিক বেতনটি SEC স্বাক্ষরের সময়ে বিদ্যমান নুন্যতম অনুমোদনযোগ্য মজুরির থেকে কম হবে না।
- নিযুক্তিকালে, বিনামূল্যে খাদ্য প্রদান করা হবে কি-না সেই সম্পর্কে মতৈক্যে আসা এবং সেই বিষয়টি SEC-তে সুনির্দিষ্টভাবে উল্লেখ করা। অন্যথায়, আপনার FDH কে কমপক্ষে SEC স্বাক্ষরের সময়ে বিদ্যমান নুন্যতম গ্রহনযোগ্য হারের একটি খাদ্য ভাতা প্রদান করা।




- আপনার FDH কে প্রতি সাতদিনের একটি সময়কালের মধ্যে নুন্যতম একটি বিশ্রামের দিন প্রদান করা।
- আপনার FDH-এর কাজের সময়কাল যাই হোক না কেন, বিধিবদ্ধভাবে তার প্রাপ্য ছুটিগুলি নেওয়ার ব্যবস্থা করা। যদি আপনার FDH-কে তিন মাসের একটি সময়কালের জন্য নিযুক্ত করা হয়ে তাকে' তাহলে তিনি বেতন সহকারে বিধিবদ্ধ ছুটি ভোগের অধিকারী হবেন।



- আপনার বাসস্থানটিতে আপনার FDH-কে গ্রহনযোগ্য গোপনীয়তা রক্ষার সুবিধাসহ বাসস্থান প্রদান করা।
- আপনার FDH-কে তার প্রয়োজনীয় তথ্যাদি, যেমন: চিকিৎসা সংক্রান্ত পরীক্ষার ফী, সংশ্লিষ্ট কনস্যুলেটের দ্বারা প্রত্যয়নের ফী, ভিসা ফী, বিমা ফী, প্রশাসনিক ফী-এর মত অথবা ফিলিপিন্স ওভারসিস এমপ্লয়মেন্ট অ্যাডমিনিস্ট্রেশন ফি, অথবা সংশ্লিষ্ট সরকারি কর্তৃপক্ষের দ্বারা আরোপিত একই ধরণের অন্যান্য ফী সংগ্রহের খরচসমূহ প্রদান করুন।



# নিয়োগ প্রক্রিয়ায় নিয়োজিত সংস্থা (EA)




## করণীয়সমূহ



EA কর্তৃক সর্বদা অবশ্যয়ই "নিয়োগ প্রক্রিয়ায় নিয়োজিত সংস্থাগুলির জন্য আচরণ বিধি" মেনে চলা।

### FDH-দের সঙ্গে কার্যকলাপের সময়ে, লাইসেন্সধারী এবং EA-এর কর্মীদের অবশ্যয়ই

- নিয়োগ সংক্রান্ত নথি সংরক্ষণ করা। যেকোন প্রকার আর্থিক লেনদেনের বিপরীতে, FDH-দের যথাশীঘ্র সম্ভব রসিদ প্রদান করতে এবং নিয়োগ সংক্রান্ত নথিগুলির একটি অংশ স্বরূপ রসিদের প্রতিলিপি সংরক্ষণ করতে হবে।
- হংকং-এ কাজ করার সময়ে প্রতিকার প্রাপ্তির পদ্ধতিসমুহ ছাড়াও, FDH-দের বিধিবদ্ধ অধিকারসমূহ এবং সুরক্ষা সম্পর্কে তাঁদের পরিষ্কারভাবে ব্যাখ্যা করতে হবে। প্রয়োজন সাপেক্ষে, বিশেষতঃ যখন তাঁরা শোষিত হওয়ার, নির্ধারিত মজুরির চেয়ে কম পারিশ্রমিক পাওয়ার/বিশ্রামের দিন/ছুটির দিন ইত্যাদির হারানোর সম্ভাবনা বা আশংকা থাকলে, সেই ক্ষেত্রে সংশ্লিষ্ট সরকারি বিভাগগুলির থেকে সহায়তা পাওয়ার বিষয়ে FDH-দের নির্দেশিত/পরামর্শ প্রদান করতে হবে।



### নিয়োগকর্তাদের সঙ্গে কার্যকলাপের সময়ে, লাইসেন্সধারী এবং EA-এর কর্মীদের উচিত

- নিয়োগকর্তাদের নিকট নির্ভুল তথ্য এবং সুপরামর্শ প্রদান করুন। নিয়োগকর্তাদের নিকট সংশ্লিষ্ট আইনী বিধানসমুহ (যার মধ্যে রয়েছে, কর্মসংস্থান অধ্যাদেশ, কর্মচারী ক্ষতিপূরণ অধ্যাদেশ এবং অভিবাসন অধ্যাদেশ) এবং স্ট্যান্ডার্ড এমপ্লয়মেন্ট কন্ট্র্যাক্ট (SEC) বা মানসম্মত কর্মসংস্থান চুক্তির (নুন্যতম অনুমোদনযোগ্য মজুরি, বিশ্রামের দিন, বিধিবদ্ধ ছুটির দিনগুলি, বাৎসরিক ছুটি, অসুস্থতাজনিত ভাতা এবং মজুরি প্রদান) বিষয়ে ব্যাখ্যা করুন।
- নিয়োগকর্তাদের জন্য যেকোন প্রকার সেবা প্রদানের পূর্বে, নিয়োগকর্তাদের নিকট সংস্থাটির সেবা পরিধি, খরচ সংক্রান্ত বিষয়াবলি, নিশ্চয়তার সময়কাল, অর্থ ফেরত বিষয়ক নীতিমালা ইত্যাদি সম্পর্কে পরিষ্কারভাবে ব্যাখ্যা করুন এবং তাঁদের সঙ্গে লিখিত চুক্তি সম্পাদন করুন। একটি সম্ভাব্য প্রার্থী চিহ্নিত হওয়ার পর, FDH সম্পর্কিত তথ্যাদি, FDH -এর কাজে যোগদানের সম্ভাব্য তারিখ, ও একইসাথে FDH উল্লেখিত তারিখে যোগদানে অপারগ হলে করণীয় কি হবে, অথবা নিয়োগকর্তা কর্মীর পরিবর্তন চাইলে করণীয় কি - সে বিষয় লিখিত হবে। নিয়োগকর্তা এবং EA উভয় পক্ষকেই তথ্য সংরক্ষণের উদ্দেশ্যে উভয়পক্ষের স্বাক্ষরিত, চিহ্নিত FDH-এর সম্পর্কিত বিবরণগুলি ছাড়াও, সংস্থাটির সেবা সংক্রান্ত চুক্তিপত্রের প্রতিলিপি রাখতে হবে।
- SEC-এর অনুচ্ছেদ 9(a)-এর অধীনে এবং কর্মচারী ক্ষতিপূরণ অধ্যাদেশ বাস্তবায়নে, নিয়োগকর্তার নিজ খরচে সম্ভাব্য চিকিৎসা-ব্যায় নির্বাহ করার লক্ষ্যে একটি সমন্বিত FDH বীমা পলিসি গ্রহণ করার বিষয়ে বিবেচনা করার জন্য নিয়োগকর্তাদের স্মরণ করানো।
- তথ্য সংরক্ষণের উদ্দেশ্যে যেকোন প্রকার অর্থিক লেনদেনের বিপরীতে নিয়োগকর্তাদের নিকট রসিদ প্রদান করা এবং রসিদগুলির প্রতিলিপি সংরক্ষণ করা।
- FDH-দের দেশগুলির কনস্যুলেট এবং/অথবা HKSAR সরকারের দ্বারা আয়োজিত সংক্ষিপ্ত বিবরণ ভিত্তিক, বিশেষত তাঁদের কর্মসংস্থানভিত্তিক অধিকারগুলি সম্পর্কিত কার্যক্রমগুলিতে অংশগ্রহনের জন্য তাঁদের FDH-দের সুযোগদানের জন্য নিয়োগকর্তাদের উৎসাহিত করা।




### EA-এর লাইসেন্স সংক্রান্ত বিষয়গুলির জন্য, লাইসেন্সধারীকে অবশ্যয়ই

- বৈধ EA লাইসেন্স এবং এমপ্লয়মেন্ট এজেন্সি রেগুলেশানস-এর দ্বিতীয় তফসিলটি EA ব্যবসার স্থানটির সহজে দৃষ্টিগোচর হওয়ার উপযোগী স্থানে, (অর্থাৎ চাকুরী-প্রার্থীদের নিকট থেকে একজন EA -এর জন্য আইনানুগভাবে নির্ধারিত সর্বোচ্চ কমিশন) পরিষ্কারভাবে প্রদর্শন করতে হবে।
- EA লাইসেন্স নবায়নের জন্য, সেটির বৈধতা সম্পূর্ণ হওয়ার কমপক্ষে দুই মাস পূর্বে, প্রয়োজনীয় সকল প্রকার সংশ্লিষ্ট নথিপত্রসহ একটি আবেদনপত্র জমা দেওয়া। অন্যথায় লাইসেন্সটি সময় মত নবায়ন নাও হতে পারে।
- লাইসেন্সের আবেদনের জন্য লেবার ডিপার্টমেন্টে (LD) নির্ভুল এবং সাম্প্রতিকতম তথ্য প্রদান করা, এবং LD-কে নিম্নলিখিত পরিবর্তনগুলির বিষয়ে বিধিবদ্ধ সময়সীমার মধ্যে লিখিতভাবে অবগত করতে হবে: (i) পরিচালনায় কোন প্রকার পরিবর্তনের ক্ষেত্রে 14 দিনের মধ্যে; (ii) ব্যবসার স্থানটির পরিবর্তনের ক্ষেত্রে নুন্যতম 14 দিন পূর্বে; এবং (iii) ব্যবসা বন্ধ হওয়ার সাত দিনের মধ্যে।


# নিয়োগ প্রক্রিয়ায় নিয়োজিত প্রতিনিধি সংস্থা (EA)

## বর্জণীয় বিষয়সমুহ



### নিয়োগকর্তাদের সঙ্গে কার্যকলাপের সময়ে, লাইসেন্সধারী এবং EA-এর কর্মীরা

- FDH দের ঋণ পরিশোধ অথবা কমিশন/অন্তর্বর্তীকালীন খরচ/প্রশিক্ষণ ফী সমুহ প্রদানের জন্য বেআইনীভাবে FDH-দের মজুরী কর্তন করার জন্য নিয়োগকর্তাদের অনুরোধ অথবা উৎসাহিত করতে পারেন না।
- FDH-দের জন্য ভিসার আবেদন করাকালীন (মজুরি, বাসস্থানের ব্যবস্থা ইত্যাদি প্রসঙ্গে) মিথ্যা তথ্য উপস্থাপনে অন্যদের সঙ্গে ষড়যন্ত্র করা বেআইনী এবং অভিবাসন অধ্যাদেশের অধীনে একটি অপরাধ।
- হংকং-এ কাজ করতে আসার পূর্বে FDH-দের সংশ্লিষ্ট সরকার কর্তৃক এবং/অথবা তাঁদের মাতৃভূমির প্রতিষ্ঠানগুলির দ্বারা আরোপিত প্রাসঙ্গিক ফি এবং অন্যান্য ব্যয়ভার FDH-দের দ্বারা পরিশোধের পরামর্শ নিয়োগকর্তাদেরকে দেওয়া অনুমোদিত নয়।
- নিয়োগকর্তাদের নিকট FDH-দের সম্পর্কে মিথ্যা অথবা বিভ্রান্তিকর তথ্য প্রদান অনুমোদিত নয়।




### FDH-দের নিয়োগকর্তাদের সঙ্গে কার্যকলাপের সময়ে, লাইসেন্সধারী এবং EA-এর কর্মীরা

- FDH-দের কাছ থেকে কমিশন হিসাবে FDH-দের প্রথম মাসের মজুরির 10%-এর অধিক ধার্য করা অনুমোদিত নয়।
- FDH-দের ব্যক্তিগত সম্পত্তি, যেমন, পাসপোর্ট, ATM ব্যাঙ্ক কার্ড/ক্রেডিট কার্ড, নিযুক্তি চুক্তি, সরকার/FDH-দের সঙ্গে সংশ্লিষ্ট কনস্যুলেটগুলির দ্বারা বিতরণকৃত প্রকাশনা এবং তথ্যপত্রসমূহ নিজেদের কাছে রাথার জন্য অনুমোদিত নয়।
- FDH-দের কাছ থেকে তাঁদের প্রথম মাসের মজুরি পাওয়ার পূর্বে নির্ধারিত কমিশন নেওয়া যাবে না। এছাড়া, FDH-দের কাছ থেকে ফটোকপি করার খরচ, রেজিস্ট্রেশন ফি, ছবি তোলার খরচ এবং সংরক্ষণভিত্তিক ফী সহ অন্য যেকোন প্রকার ব্যয় অথবা ফি/খরচ গ্রহণ করতে অনুমোদিত নয়; FDH-দের আর্থিক বিষয়গুলিতে সম্পৃক্ত হবেন না অথবা তাঁদের জন্য ঋণের আয়োজন করবেন না।
- কোন প্রকার আইন লঙ্ঘনের জন্য FDH-দের সাহায্য করা অথবা উৎসাহিত করা অনুমোদিত নয়।
- মেয়াদ পূরণের পূর্বে নিযুক্তি চুক্তি সমাপ্ত করার জন্য FDH-দের উৎসাহিত অথবা প্রলুব্ধ করা অনুমোদিত নয়।




### একটি EA-এর লাইসেন্স সংক্রান্ত বিষয়গুলির জন্য, লাইসেন্সধারী

- তাঁর লাইসেন্সটি অন্য একজন ব্যক্তির নিকট ধার হিসাবে প্রদান করতে, হস্তান্তরিত করতে অথবা অর্পণ করার জন্য অনুমোদিত নয়।
- লাইসেন্সপ্রাপ্ত ঠিকানাটি ব্যতীত অন্য কোন স্থানে EA ব্যবসাটি পরিচালনা করার জন্য অনুমোদিত নয়।
- একটি লাইসেন্স প্রাপ্তির অথবা বিদ্যমান লাইসেন্সটির মেয়াদ পূর্ণ হওয়ার পরে নবায়নের পূর্বেই EA ব্যবসাটি পরিচালনা করার জন্য অনুমোদিত নয়।



# FDH-দের নিয়োগকর্তাগণ

## করণীয়সমুহ




### FDH-এর কর্মকালীন সময়ে, আপনাকে নিম্নলিখিতগুলি করার জন্য পরামর্শ প্রদান করা হয়

- আপনার FDH-এর জন্য অনুমোদিত যেকোন প্রকার ছুটি, মজুরি, বিমান টিকিট ইত্যাদির লিখিত এবং উভয়পক্ষের দ্বারা স্বাক্ষরিত নথি রাখুন।
- SEC-এর শুরু এবং সেটি সম্পূর্ণ/সমাপ্ত হওয়ার ক্ষেত্রে আপনার FDH কে তাঁর নিজের দেশে যাওয়া এবং আসার জন্য বিমান ভাড়া বাবদ নগদ অর্থের পরিবর্তে টিকিট কিনে দিন।
- SEC এবং এমপ্লয়িজ কমপেনসেশান অর্ডিন্যান্স বা কর্মচারী ক্ষতিপূরণ অধ্যাদেশ অনুসারে আপনার নিয়োগকৃত FDH-এর জন্য একটি সমন্বিত চিকিৎসা বীমা এবং কর্মচারী ক্ষতিপূরণ সুবিধাসহ বীমা পলিসি গ্রহণ করুন।
- আপনার FDH-এর নিকট কর্ম-দায়িত্বগুলির ব্যাখ্যা করুন, প্রয়োজন অনুযায়ী এবং যথাসম্ভব, কার্যপ্রণালী প্রদর্শন করুন।
- কার্য-ব্যবস্থা সম্পর্কে আপনার FDH-এর সঙ্গে ঐক্যমত্যে আসুন এবং আপনার FDH-কে উপযুক্ত বিশ্রামের সময় দিন।

- আপনার FDH-এর সঙ্গে উত্তম যোগাযোগ এবং একটি সামঞ্জস্যপূর্ণ সম্পর্ক বজায় রাখুন এবং পারস্পরিক সমঝোতা পোষণ করুন এবং আপনার FDH-এর প্রতি শ্রদ্ধা প্রদর্শন করুন।



### নিয়োগ প্রক্রিয়ায় নিয়োজিত সংস্থাগুলির (EA) সঙ্গে কার্যকলাপের সময়ে আপনার করণীয়

- একটি লাইসেন্স প্রাপ্ত EA-এর সেবা গ্রহণ করুন, এবং আপনার পরিবার এবং বন্ধুদের সঙ্গে EA-এর সেবার মান এবং খ্যাতি সম্পর্কে আলোচনা করুন।
- অর্থ ফেরত অথবা FDH-এর পরিবর্তন ছাড়াও সেবা পরিধি, বিভিন্ন খাত ভিত্তিক খরচ সম্পর্কে অর্থ প্রদান করার পূর্বে, সংস্থাটির সেবা সম্পর্কে EA-এর সঙ্গে বিস্তারিতভাবে ঐক্যমত্যে পৌঁছানোর পূর্বেই একটি লিখিত চুক্তি স্বাক্ষরের মাধ্যমে নিজেকে সুরক্ষিত রাখুন। যদি একজন উপযুক্ত প্রার্থীকে চিহ্নিত করা হয়, তাহলে লিখিত চুক্তিতে FDH সম্পর্কিত তথ্য ও তাঁর কর্মে যোগদানের সম্ভাব্য তারিখ ইত্যাদি পরিষ্কারভাবে উল্লেখিত থাকবে।
- যদি আপনি মনে করেন যে EA, ট্রেড ডিস্ক্রিপ্যান্সিস অর্ডিন্যান্সের অধীনে নিষিদ্ধ কোন ব্যবসায়িক অসাদাচরণ করেছে, অথবা যদি আপনি EA-এর সঙ্গে কোন প্রকার ভোক্তা বিষয়ক বিবাদের সমাধানের ক্ষেত্রে সহায়তা চান, তাহলে কাস্টমস অ্যান্ড এক্সাইস ডিপার্টমেন্ট অথবা কমস্যুমার কাউন্সিল-এ অভিযোগ দায়ের করুন।
- শ্রমভিত্তিক বিষয় সম্পর্কে শ্রম বিভাগের সঙ্গে আলোচনা করুন অথবা প্রয়োজন অনুযায়ী সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সহায়তা প্রার্থনা করুন।



# FDH-দের নিয়োগকর্তাগণ

## বর্জণীয় বিষয়সমুহ




### সর্বক্ষেত্রেই, আপনি


- EA এবং অন্য কোন ব্যক্তি/সংস্থার দ্বারা FDH-এর উপর ধার্যকৃত কমিশন অথবা প্রশিক্ষণ ফী পরিশোধের জন্য, অথবা FDH কর্তৃক গৃহীত ঋণ পরিশোধের জন্য অবশ্যয়ই আপনার FDH-এর মজুরি থেকে কোন অংশ কেটে নেবেন না।



- অবশ্যয়ই কোন প্রকার বেআইনি পন্থার মাধ্যমে আপনার FDH-এর সঙ্গে কোন বিবাদের মীমাংসা করবেন না।



- অবশ্যয়ই আপনার FDH-এর কোন ব্যক্তিগত সম্পত্তি (উদাহরণস্বরুপ, FDH-দের জন্য সরকারি প্রকাশনা এবং তথ্যপত্রগুলি ছাড়াও, তাঁর পাসপোর্ট/পরিচয় পত্র, ব্যাঙ্কের অটোমেটিক টেলর মেশিনের/ক্রেডিট কার্ড, নিযুক্তিভিত্তিক চুক্তি) আপনার কাছে রাখবেন না। অন্যথায় আপনি একটি ফৌজদারি অপরাধ করতে পারে।



- অবশ্যয়ই স্থানীয় নন এমন ভ্রমণকারীদের গৃহ সহায়ক হিসাবে নিয়োগ করবেন না, অন্য ব্যক্তিদের FDH-দের আংশিক সময়ের অথবা সম্পূর্ণ সময়ের জন্য গৃহ-সহায়ক হিসাবে কাজ করার জন্য অনুরোধ করবেন না, অথবা আপনার FDH-কে গৃহস্থালীর কাজ ব্যতীত অন্য কোনো কাজে নিযুক্ত করবেন না অথবা SEC-তে নির্দিষ্টকৃত স্থানটি ব্যতীত অন্য কোন স্থানে গৃহস্থালীর অথবা অন্য কোন কাজ করার জন্য অনুরোধ করবেন না। এগুলি অভিবাসন অধ্যাদেশ অনুযায়ী অপরাধ হিসাবে সাব্যস্ত হতে পারে।

